

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ইউরোপ শাখা
ঢাকা

নংঃ ১৯.০০.০০০০.৪৫৬.৩৫.৯৯৯.১৭ - ২৫৬

১২ ফেব্রুয়ারি ২০১৭

প্রেরক : মোঃ রেজাউল ইসলাম
সহকারী সচিব (ইউরোপ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : মোঃ শহীদুল হক
পররাষ্ট্র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ১৪-১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বেলজিয়ামের ব্রাসেলস- এ বাংলাদেশ ও ইউরোপিয়ান ইউনিয়ন -এর মধ্যে অনুষ্ঠিতব্য
Diplomatic Consultations -এ অংশগ্রহণের নিমিত্ত সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ১৪-১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে বেলজিয়ামের ব্রাসেলস- এ বাংলাদেশ ও ইউরোপিয়ান ইউনিয়ন- এর মধ্যে অনুষ্ঠিতব্য Diplomatic Consultations -এ অংশগ্রহণের নিমিত্ত ব্রাসেলস ভ্রমণের জন্য আপনার অনুকূলে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য আপনি ১৩ ফেব্রুয়ারি ২০১৭ অথবা এর নিকটবর্তী সময়ে ব্রাসেলস এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৬ ফেব্রুয়ারি ২০১৭ অথবা এর নিকটবর্তী সময়ে মাননীয় প্রধানমন্ত্রীর জার্মানীতে সরকারি সফরকালে (১৭-১৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে) প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের নিমিত্ত মিউনিখ এর উদ্দেশ্যে ব্রাসেলস ত্যাগ করবেন।

৩। সফরকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে এবং আপনার বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ৩-১৮১৫-০০০১-৪৮০১) হতে বিকল্পন করা হবে। অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

স্বাক্ষর:


মোঃ রেজাউল ইসলাম
সহকারী সচিব (ইউরোপ)

নংঃ ১৯.০০.০০০০.৪৫৬.৩৫.৯৯৯.১৭ - ২৫৬

১২ ফেব্রুয়ারি ২০১৭

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন/ ইউরোপ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/ এসএমও/ এফএসও/ সংস্থাপন/ অর্থ/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন(৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ✓ ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস ব্রাসেলস ও বার্লিন।
- ৮। অফিস কপি।


১২.০২.২০১৭
মোঃ রেজাউল ইসলাম
সহকারী সচিব (ইউরোপ)